

প্রোফাইল



নৌপরিবহন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারি সচিব মোঃ মাকসুদুর রহমান (৪৬৮১) বিসিএস প্রশাসন ক্যাডারের ১৯৮৫ ব্যাচের একজন কর্মকর্তা। ১৯৬০ সালের জানুয়ারী মাসে শেরপুর জেলার সদর থানায় তিনি জন্ম গ্রহণ করেন। উক্ত জেলার কামারের চর হাইস্কুল হতে ১৯৭৩ সালে মাধ্যমিক এবং জামালপুর জেলার অন্তর্গত ইসলামপুর ডিগ্রী কলেজ হতে ১৯৭৬ সালে তিনি উচ্চ মাধ্যমিক পরীক্ষা পাশ করেন। পরবর্তীতে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় হতে ১৯৮৪ সালে কৃষিতে স্নাতক সম্মান ডিগ্রী অর্জন করেন।

তিনি ১৯৮৮ সালে ফেব্রুয়ারী মাসে বিসিএস প্রশাসন ক্যাডারে যোগদান করেন। প্রশাসন ক্যাডারে যোগদানের পর মাঠ পর্যায়ে সহকারি কমিশনার ও ম্যাজিস্ট্রেট ও উপজেলা নির্বাহী কর্মকর্তা হিসাবে যথাক্রমে রাংগামাটি, ঢাকা, ব্রাহ্মনবাড়ীয়া এবং ভোলা জেলায় দায়িত্ব পালন করেন। সচিবালয়ে তিনি সহকারি সচিব ও সিনিয়র সহকারি সচিব হিসাবে পরিবেশ বন, তৎকালীন শ্রম ও জনশক্তি, তথ্য, প্রতিরক্ষা, তৎকালীন সংস্থাপন, অর্থ, শিল্প ও প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ে দায়িত্ব পালন করেছেন।

ব্যক্তি জীবনে তিনি ডিভোর্সড। বর্তমানে একাকী জীবন-যাপন করছেন।